# ব্রি হাইব্রিড ধান৫

হাইব্রিড ধান চাষ করে
অধিক ফলন তুলব ঘরে

## জাত পরিচিতি

ব্রি হাইব্রিড ধান৫ বোরো মৌসুমের জাত। এর কৌলিক সারি নং বিআর১৫৮৫এইচ। জাতটি জাতীয় বীজ বোর্ড কর্তৃক ২০১৬ সালে কৃষকের মাঠে চাষাবাদের জন্য অনুমোদান লাভ করে। পিতৃ মাতৃ সারি দেশীয়ভাবে উদ্ভাবিত বিধায় জাতটির রোগ প্রতিরোধ ও বৈরী পরিবেশে খাপ খাওয়ানোর ক্ষমতা বেশী।



ব্রি হাইব্রিড ধান৫

## জাতের বৈশিষ্ট্য

- গাছের উচ্চতা ১০৫-১১০ সেমি।
- কান্ড শক্ত বিধায় ঢলে পড়ার সম্ভাবনা নেই।
- গাছের গোড়া খয়েরী রং এর এবং দানায় কাঁচা অবস্থায় লাল বর্ণের টিপ (Apiculus) বিদ্যমান।
- স্বাভাবিক অবস্থায় গাছ প্রতি গুচ্ছির সংখ্যা ১২-১৫টি।
- চালে অ্যালাইলোজের পরিমান ২৩.৪%।
- দানার আকৃতি সরু ও লম্বা।
- চালে প্রোটিনের ৯%। ভাত ঝরঝরে।
- উভয় মৌসুমে এই জাতটির বীজ উৎপাদন সম্ভব এবং বানিজ্যিকভাবে লাভজনক। আমন ও বোরে মৌসুমে পিতৃ ও মাতৃ সারির জীবনকালের যথাক্রমে পার্থক্য ৮ দিন ও বোরো ১৪ দিন।
- আমন মৌসুমে বীজ উৎপাদনে হেক্টর প্রতি ফলন ১.৫-২.০ টন এবং বোরো মৌসুমে ২.৫-২.৮ টন।

## জীবনকাল

গড় জীবন কাল ১৪৪ দিন।

## ফলন

৮.৫-৯.০ টন/হেক্টর।

## চাষাবাদ পদ্ধতি

১. **বীজ তলায় বীজ বপন ঃ** ১-৩০ অগ্রহায়ণ (১৫ নভেম্বর-১৫ ডিসেম্বর)।

২. **চারা রোপণঃ** ১-৩০ পৌষ (১৫ ডিসেম্বর-১৫ জানুয়ারি)।

৩. **বীজের হারঃ** ১৫ কেজি/হেক্টর।

৪. **চারার বয়স ঃ** ৩০-৩৫ দিন।

৫. **রোপণ দুরত্ব ঃ** ২০×১৫ সেমি।

৬. **প্রতি গোছায় চারার সংখ্যাঃ** ১-২ টি।

৭. চারা লাগানোর ৫-৭ দিনের মধ্যে মরা গুছির জায়গায় পূনঃরোপণ (Gap filling) করতে হবে।

৮. **সার ব্যবস্থাপনা (কেজি/বিঘা)ঃ**

| ৮.১ | ইউরিয়া | টিএসপি | এমওপি | জিপসাম | জিংক |
|---|---|---|---|---|---|
| | ৩৬ | ১৭ | ১৬ | ৯ | ১ |

৮.২ ইউরিয়া সার সমান ৩ কিস্তিতে রোপণের ১০-১৫ দিন পর ১ম কিস্তি, ৩০-৩৫ দিন পর ২য় কিস্তি এবং ৫০-৫৫দিন পর ৩য় কিস্তি প্রয়োগ করতে হবে। মোট এমওপি সারের ১১ কেজি জমি তৈরির সময় এবং ৫ কেজি ৩য় কিস্তি ইউরিয়ার সাথে উপরি প্রয়োগ করতে হবে।

৯. **আগাছা দমন ঃ** আগাছা দমনে আগাছানাশক ব্যবহার করলে প্রথম কিস্তির ইউরিয়া সার উপরি প্রয়োগের সাথে অনুমোদিত আগাছানাশক সঠিক মাত্রায় প্রয়োগ করতে হবে এবং ক্ষেতে সেচ দিয়ে পানি ১০-১৫ দিন বেঁধে রাখতে হবে।

১০. **সেচ ব্যবস্থাপনাঃ** সার উপরি প্রয়োগের পূর্বে জমি ২-৩ বার শুকনা দিতে পারলে অধিক কুশি পাওয়া সম্ভব। পরিমিত সেচ ব্যহার করতে হবে এবং ধানে দুধ আসা পর্যন্ত জমিতে প্রয়োজনীয় পানির ব্যবস্থা করতে হবে।

১১. **রোগবালাই দমনঃ** রোগ ও পোকামাকড়ের জন্য অনুমোদিত বালাই ব্যবস্থাপনা অনুসরণ করতে হবে।

ফ্যাক্ট শীটঃ বোরো ধানের জাত

ব্রি বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউট

আরো তথ্যের জন্যঃ
পরিচালক (গবেষণা), ব্রি, গাজীপুর-১৭০১। ই-মেইলঃ **dr@brri.gov.bd**